

বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

বার্ষিক প্রতিবেদন

২০২২-২৩



বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



মোঃ শাহাব উদ্দিন, এম. পি.
মন্ত্রী
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন(বিএফআইডিসি) এর বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রকাশিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ক্ষুধামুক্ত দারিদ্রমুক্ত স্বপ্নের সোনার বাংলা গড়ার লক্ষ্যে আজীবন কাজ করেছেন। বিএফআইডিসিকে একটি স্বনির্ভর প্রতিষ্ঠানে রূপান্তরিত করার জন্য জাতির পিতা কর্পোরেশনটির সদর দপ্তরের বর্তমান জায়গাটি বরাদ্দ প্রদান করেছিলেন। তিনি বিএফআইডিসিকে বাংলাদেশের একটি শীর্ষ বাণিজ্যিক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার স্বপ্ন দেখেছিলেন। তাঁর স্বপ্নপূরণে দেশের অব্যবহৃত বনভূমি সদ্ব্যবহারপূর্বক গ্রামীণ জনপদে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি করে বেকারত্ব লাঘবে বিএফআইডিসি উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। বিএফআইডিসির কৃষি সেক্টরের অধীন রাবার বাগানসমূহ পরিবেশের ভারসাম্য ও জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব রোধ, পাহাড় ধ্বস ও মাটির ক্ষয়রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তাছাড়া রাবার গাছ অন্যান্য গাছের তুলনায় অধিক কার্বন শোষণ করে বায়ুমণ্ডলে কার্বনের আধিক্য কমিয়ে পরিবেশের ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। দেশীয় কাঁচামালভিত্তিক শিল্পায়নের ধারা জোরদারের অন্যতম নিয়ামক কাঁচা রাবার উৎপাদনপূর্বক বাংলাদেশের অর্থনীতি শক্তিশালী করতে বিএফআইডিসি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। জাতির পিতার সুযোগ্য উত্তরাধিকার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিএফআইডিসি যথাযথ ভূমিকা পালন করবে বলে আমার প্রত্যাশা।

বিএফআইডিসি প্রণীত বার্ষিক প্রতিবেদনটি ২০২২-২৩ অর্থবছরের বিএফআইডিসি এবং এর আওতাধীন রাবার বাগান ও শিল্প ইউনিটগুলোর সামগ্রিক কর্মকাণ্ডের একটি প্রামাণ্য দলিল। এর মাধ্যমে বিএফআইডিসির বিভিন্ন কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা পাওয়া যাবে। এটি জনগণের তথ্য প্রাপ্তির অধিকারও জোরদার করবে বলে আমার বিশ্বাস।

আমি বিএফআইডিসির বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ এর সফলতা কামনা করছি এবং এর প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

মোঃ শাহাব উদ্দিন, এম. পি.



সাবের হোসেন চৌধুরী, এম. পি.
মাননীয় প্রধানমন্ত্রীর পরিবেশ ও জলবায়ু বিষয়ক বিশেষ দূত
সভাপতি, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।

বাণী

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের কর্মকাণ্ড নিয়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

বিএফআইডিসি প্রতিষ্ঠা ও উন্নয়নে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর অনন্য ভূমিকা রয়েছে। উজাড় বনভূমি ব্যবহার করে রাবার বাগান সৃজন ও প্রাকৃতিক রাবার উৎপাদন এবং মানসম্পন্ন আসবাবপত্র প্রস্তুত ও বিপণন এর মাধ্যমে মুনাফা অর্জন করার পাশাপাশি জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় বিএফআইডিসি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। মানবসৃষ্ট গ্রিনহাউজ গ্যাস এর প্রায় ৮০ ভাগ কার্বন-ডাই-অক্সাইড যা বন এবং বায়ুমণ্ডলের মধ্যে বিনিময় হয়। গ্রিনহাউজ নিঃসরণ হ্রাস করা এবং জলবায়ু পরিবর্তনের হার কমিয়ে আনার ক্ষেত্রে অন্যান্য ব্যবস্থাপনার সাথে বনভূমির সঠিক ব্যবস্থাপনা ব্যাপক ভূমিকা রাখতে পারে। দেশে দ্রুত জনসংখ্যা বৃদ্ধি, অপরিকল্পিত নগরায়ন, বনজ সম্পদের যথেচ্ছ ব্যবহার ও দারিদ্রের কারণে প্রতিনিয়ত উজাড় হচ্ছে মূল্যবান বনজ সম্পদ, ক্ষতিগ্রস্ত হচ্ছে পরিবেশ ও প্রতিবেশ। সরকারি প্রতিষ্ঠান বিএফআইডিসি বৃহত্তর চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম, সিলেট ও ময়মনসিংহ অঞ্চলের অপেক্ষাকৃত কম উর্ব্বর পাহাড়, টিলা, উঁচু ভূমি-যেখানে খাদ্যশস্য জন্মায় না এবং অন্যান্য ফসলও ভাল হয় না, ঐসকল অনাবাদি, পরিত্যক্ত ভূমিতে রাবার চাষ করে ভূমির সর্বোচ্চ ব্যবহার ও সফল বনায়নের উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে। রাবার বাগানগুলো মাটির ক্ষয়রোধ ও বায়ুমণ্ডলের কার্বন আবদ্ধ করে পরিবেশ রক্ষায় উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। শ্রমঘন কৃষি শিল্প রাবার বাগানগুলো দেশের প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত হওয়ায় সংশ্লিষ্ট এলাকার নারী-পুরুষের কর্মসংস্থানের ব্যাপক সুযোগ সৃষ্টির পাশাপাশি ঐসব এলাকার আর্থসামাজিক অবস্থা ও জীবনযাত্রার মানোন্নয়নে অনন্য ভূমিকা রাখছে।

কর্পোরেশনের শিল্প সেক্টরে বৈজ্ঞানিক পদ্ধতিতে কাঠ প্রক্রিয়াজাত ও মৌসুমীকরণের মাধ্যমে কাঠের গুণগতমান ও স্থায়িত্ব কয়েকগুণ বৃদ্ধি করে আসবাবপত্র ও কাঠ জাত পণ্য তৈরির মাধ্যমে ক্রেতা-ভোক্তার নিকট সরবরাহ করে কাঠের সাশ্রয় ও সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করছে। নিকট অতীতেও রাবার কাঠ শুধু জ্বালানিতে ব্যবহৃত হত। বর্তমানে রাবার কাঠ আধুনিক প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে টেকসই ও আধুনিক আসবাবপত্র তৈরি করা হচ্ছে যা সংরক্ষিত বনাঞ্চলের কাঠের উপর নির্ভরতা লাঘবে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। বিএফআইডিসির ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনটি একদিকে তথ্যের অনন্য উৎস হিসেবে যেমন কাজ করবে অন্য দিকে প্রতিষ্ঠানটির সার্বিক কর্মকাণ্ড বাস্তবায়নের ক্ষেত্রে মাইলফলক হিসেবে কাজ করবে বলে আমার বিশ্বাস। আমি প্রকাশনার সাথে সম্পৃক্ত সকলের সার্বিক সাফল্য ও মঙ্গল কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক ।

সাবের হোসেন চৌধুরী, এম. পি.



হাবিবুন নাহার, এম. পি.
উপমন্ত্রী
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। দারিদ্র্য মুক্ত বাংলাদেশ গঠনের অভীষ্ট লক্ষ্যে পাহাড়ি ও গ্রামীণ জনপদে হতদরিদ্র, সুবিধাবঞ্চিত মানুষের কর্মসংস্থান সৃষ্টি এবং তাদের জীবন মানের উন্নয়নে ১৯৫৯ সালে বনশিল্প উন্নয়ন কর্পোরেশন প্রতিষ্ঠা করা হয়েছিল।

গ্রামীণ আর্থ-সামাজিক উন্নয়নে বিএফআইডিসির ভূমিকা অপরিসীম। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লালিত স্বপ্ন সোনার বাংলা গঠনের অন্যতম সহযোদ্ধা রাষ্ট্রায়ত্ত এই প্রতিষ্ঠানটি। বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা ডিজিটাল বাংলাদেশের রূপকার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রূপকল্প ২০৪১ বাস্তবায়নে জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ বিনির্মাণেও বিএফআইডিসির রাবার বাগানসমূহ গুরত্বপূর্ণ ভূমিকা রাখবে।

পরিবেশ ও প্রতিবেশগত ভারসাম্য রক্ষার্থে পাহাড়ি ও গ্রামীণ জনপদে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি, জনগণের আয় ও জীবনযাত্রার মান উন্নয়নের মাধ্যমে উচ্চ অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে, ২০৪১ সালের মধ্যে সুখী, সমৃদ্ধ, উন্নত ও স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকারের পাশাপাশি বিএফআইডিসি নিরলসভাবে কাজ করে যাচ্ছে । বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের ২০২২-২৩ অর্থবছরের কর্মকাণ্ডের উপর ভিত্তি করে বার্ষিক প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে। বার্ষিক প্রতিবেদনে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের কর্মসূচি ও অর্জিত সার্বিক চিত্র তুলে ধরা হয়েছে। দেশ ও জনগণের কাছে বিএফআইডিসির দায়বদ্ধতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ক্ষেত্রে এ প্রকাশনা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে মর্মে আমার বিশ্বাস ।

এ প্রকাশনার সঙ্গে জড়িত সকল কর্মকর্তা/কর্মচারীকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাই ।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

হাবিবুন নাহার, এম. পি.



সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

বাণী

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। বার্ষিক প্রতিবেদন প্রকাশ সুশাসনের তথা প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহিতাকে সমুন্নত করে। দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও কর্মসংস্থানে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন উল্লেখযোগ্য ভূমিকা রেখে চলেছে। প্রতিষ্ঠানটি দেশে ব্যাপকভাবে রাবার চাষের মাধ্যমে ভূমির সর্বোচ্চ ব্যবহার, মাটির ক্ষয়রোধ ও বায়ুমণ্ডলের কার্বন শোষণের মধ্য দিয়ে বৈশ্বিক উষ্ণায়ন রোধ ও পরিবেশ প্রতিবেশগত ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ অবদান রাখছে। পাশাপাশি জীবনচক্র হারানো রাবার গাছ প্রক্রিয়াজাত করে মূল্যবান আসবাবপত্র তৈরির মাধ্যমে বনজসম্পদের পরিকল্পিত ব্যবহারের ক্ষেত্রে অর্থবহ অবদান রেখে চলেছে। বর্তমান আর্থ-সামাজিক প্রেক্ষাপটে প্রতিষ্ঠানটির বাজার সম্প্রসারণ এবং প্রতিযোগিতামূলক বাজার তৈরির আরও সুযোগ রয়েছে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণসহ মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনায় ২০৪১ সালের মধ্যে সুখী, সমৃদ্ধ, উন্নত ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিএফআইডিসি অগ্রণী ভূমিকা পালন করবে বলে আমি বিশ্বাস করি। বার্ষিক প্রতিবেদনে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের ২০২২-২৩ অর্থবছরের সামগ্রিক কার্যাবলীর প্রতিচ্ছবি প্রতিভাত হয়েছে যা প্রতিষ্ঠানটিকে আরও সামনে এগিয়ে নিতে সহায়তা করবে। এ উপলক্ষে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের প্রকাশনার সাথে জড়িত কর্মকর্তা-কর্মচারিসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিকে শুভেচ্ছা জানাই।

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের সকল সম্ভাবনাকে কাজে লাগিয়ে জাতীয় উন্নয়নে অর্থবহ অবদান রাখবে এ প্রত্যাশা রাখছি।

ড. ফারহিনা আহমেদ



চেয়ারম্যান
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পেরে আমরা আনন্দিত।

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) এর পথ চলায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, মহান স্বাধীনতার স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর অনন্য অবদান রয়েছে। ১৯৭৫ সালের ১১ই ফেব্রুয়ারি বঙ্গবন্ধু রামু রাবার বাগান পরিদর্শনকালে ০৮ বছরে দেশকে রাবারে স্বয়ংসম্পূর্ণ করার জন্য নির্দেশনা দিয়েছিলেন। তাছাড়া, বিএফআইডিসির প্রধান কার্যালয়ের ভূমিসহ অন্যান্য ইউনিট/স্থাপনা বঙ্গবন্ধুর সরকারের সময় গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে কর্পোরেশনকে প্রদান করা হয়। এ অনন্য অবদানের জন্য জাতির পিতার প্রতি বিএফআইডিসি ভীষণভাবে ঋণী ও গভীরভাবে কৃতজ্ঞ।

বিএফআইডিসি পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সার্বিক সহায়তায় সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করে বার্ষিক কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিএফআইডিসি এদেশে রাবার চাষের পথিকৃত এবং কাঠ শিল্পের উন্নয়নে নিয়োজিত দেশের একমাত্র রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক প্রতিষ্ঠান। রাষ্ট্রায়ত্ত সংস্থা হিসেবে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন রাবার চাষের মাধ্যমে উৎপাদিত রাবার দেশে বিক্রয় ও বিদেশে রপ্তানি করে বিপুল বৈদেশিক মুদ্রা অর্জনসহ পরিবেশ রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার পাশাপাশি দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও কর্মসংস্থানে উল্লেখযোগ্য অবদান রাখছে। রাবার বাগানগুলো মাটির ক্ষয়রোধ ও বায়ুমণ্ডলের কার্বন শোষণ করে পরিবেশ রক্ষায় ভূমিকা রাখছে। শ্রমঘন রাবার বাগানগুলো দেশের প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত হওয়ায় সংশ্লিষ্ট এলাকার নারী-পুরুষের কর্মসংস্থানের ব্যাপক সুযোগ সৃষ্টির পাশাপাশি ঐসব এলাকার আর্থ সামাজিক অবস্থা ও জীবনযাত্রার মানোন্নয়নে কাজ করছে। কর্পোরেশনের শিল্প সেক্টর পরিকল্পিত ও বৈজ্ঞানিক উপায়ে কাঠ প্রক্রিয়াজাত করে কাঠের সাশ্রয় ও সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে পরিবেশ রক্ষাসহ উন্নতমানের দৃষ্টিনন্দন আসবাবপত্র প্রস্তুতপূর্বক বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে সরবরাহ করে মুনাফা অর্জন করেও জাতীয় অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদান রাখছে। ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনটিতে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের ভিশন ও মিশনভিত্তিক সম্পাদিত কার্যাবলি প্রতিফলিত হয়েছে। তথ্যবহুল এ প্রকাশনাটি বিএফআইডিসিকে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে যেমন সহায়তা করবে তেমনি সরকারি বিভিন্ন প্রয়োজনে তথ্যের উৎস হিসেবে নিয়ামক ভূমিকা পালন করবে বলে আমার বিশ্বাস। এ প্রকাশনার সাথে জড়িত বিএফআইডিসির সকল কর্মকর্তা-কর্মচারীকে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি।

মোঃ নাসির উদ্দিন আহমেদ



সম্পাদকীয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ০৭ মার্চ তৎকালীন রেসকোর্স ময়দানে লাখো জনতার উদ্দেশ্যে যে ঐতিহাসিক ভাষণ দেন মূলত তা ছিল বাঙালি জাতির মুক্তির সনদ এবং স্বাধীনতার ডাক। ২০১৭ সালের ৩০ অক্টোবর ইউনেস্কো বঙ্গবন্ধুর ০৭ মার্চের ভাষণ World's Documentary Heritage-এর মর্যাদা দিয়ে Memory of the World International Register-এ অন্তর্ভুক্ত করেছে। তাঁর অসামান্য অবদানের জন্য বাঙালি জাতি আজ গর্বিত। তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০৪১ সালের মধ্যে সুখী, সমৃদ্ধ, উন্নত ও স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকারের পাশাপাশি বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের পথ চলায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর অনন্য অবদান রয়েছে। ১৯৭৫ সালের ১১ই ফেব্রুয়ারি তিনি রামু রাবার বাগান পরিদর্শন করে ০৮ বছরে দেশকে রাবারে স্বয়ংসম্পূর্ণ করার জন্য তৎকালীন বন কর্মকর্তাকে নির্দেশনা দেন। সদর দপ্তর ভবনের ভূমিসহ অন্যান্য ইউনিট/স্থাপনা বঙ্গবন্ধু সরকারের সময় গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে বিএফআইডিসিকে প্রদান করা হয়। এ অনন্য অবদানের জন্য বিএফআইডিসি গভীরভাবে কৃতজ্ঞ।

দেশের অনগ্রসর জনগণের ভাগ্য পরিবর্তন এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রাকৃতিক ভারসাম্য রক্ষা ও নান্দনিক সৌন্দর্য বর্ধনসহ পরিবেশ সুরক্ষা, কর্মসংস্থান সৃষ্টি, অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে বিএফআইডিসি দেশে রাবার চাষ, কাঠ আহরণ ও প্রক্রিয়াজাতকরণসহ আসবাবপত্র তৈরির নানাবিধ কর্মকাণ্ড অত্যন্ত দক্ষতার সাথে সকলের আন্তরিক সহযোগিতায় নিরন্তর চালিয়ে যাচ্ছে।

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীনে থেকে সময়াবদ্ধ পরিকল্পনা গ্রহণ করে বার্ষিক কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে থাকে। এরই ধারাবাহিকতায় গৌরবের ৫০ বছর পেরিয়ে নবোদ্দমে আগামী চলার পথে দেশ গড়ার প্রত্যয়ে প্রকাশিত স্মরণিকা আকর্ষণীয় ও মানসম্মত করে তুলতে আমাদের প্রচেষ্টার কোন ঘাটতি ছিল না। অক্লান্ত ও নিরলস শ্রমের প্রতিফলন ঘটেছে এই ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক প্রতিবেদনে। স্বরণিকাটি আরও আকর্ষণীয় ও মানসম্মত করে তুলতে স্বরণিকায় মুদ্রণজনিত ও অনিচ্ছাকৃত অন্যান্য ভুল (যদি থাকে) সবাইকে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার জন্য বিনীত অনুরোধ করছি।

এই স্বরণিকা প্রকাশনার সাথে জড়িত সকলের প্রতি আমি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

মোঃ নাসির উদ্দিন আহমেদ
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন,
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

সম্পাদনা পরিষদ

প্রধান পৃষ্ঠপোষক
মোঃ শাহাব উদ্দিন, এম. পি.
মাননীয় মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

সার্বিক তত্ত্বাবধান
ড. ফারহিনা আহমেদ
সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

সম্পাদক
মোঃ নাসির উদ্দিন আহমেদ
চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

সম্পাদনা সহযোগী
মেহেরুন্নেসা চৌধুরী, মহাব্যবস্থাপক (উৎপাদন ও বিক্রয়), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা
মোছাম্মৎ নাছিমা আখতার, ব্যবস্থাপক (ক্রয়), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা
মোঃ জিয়াউল হক, ব্যবস্থাপক (নিরীক্ষা), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা
মোহাম্মদ আব্দুল বাকি, উপব্যবস্থাপক (রাবার), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা
রবিন চাকমা, নিরাপত্তা হাবিলদার, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা

প্রচ্ছদ ও অলংকরণ
এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা

প্রকাশনা
প্রধান কার্যালয়, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

প্রকাশকাল
সেপ্টেম্বর, ২০২৩

ডিজাইন ও প্রিন্ট
শৈলী প্রিন্টার্স
০১৭৩৩ ২৪১৮২৬

সূচিপত্র

ক্রমিক নং.	বিষয়	পৃষ্ঠা
০১	ভূমিকা	২২
০২	ভিশন	২২
০৩	মিশন	২২
০৪	উদ্দেশ্য	২২
০৫	লক্ষ্যসমূহ	২২
০৬	সংক্ষিপ্ত পরিচিতি (সদর দপ্তর)	২৩
০৭	রাবার সেক্টর	২৪
০৮	শিল্প সেক্টর	২৪
০৯	সাংগঠনিক কাঠামো ও জনবল	২৫
১০	২০২২-২৩ অর্থবছরে উল্লেখযোগ্য অর্জন (কৃষি সেক্টর)	২৬
১১	রাবার উৎপাদন	২৭
১২	দেশে ও বিদেশে রাবার বিক্রি	২৮
১৩	নার্সারি, বাগান সৃজন ও জীবনচক্র হারানো রাবার কর্তন	২৯
১৪	জোন ও বাগানভিত্তিক লাভ/ক্ষতির বিবরণ	৩০
১৫	শিল্প সেক্টর: উৎপাদন লক্ষ্যমাত্রা ও অর্জন	৩১
১৬	শিল্প সেক্টর: শিল্প ইউনিটের লাভ/ক্ষতির বিবরণ	৩২
১৭	প্রশিক্ষণ	৩৩
১৮	পদোন্নতি	৩৫
১৯	সরকারি কোষাগারে জমাকৃত অর্থ	৩৫
২০	উন্নয়ন প্রকল্প/কর্মসূচি	৩৫
২১	সম্পাদিত উন্নয়নমূলক কার্যক্রম	৩৬
২২	জোনভিত্তিক ১৮টি রাবার বাগানের পরিচিতি ও অর্জন	৩৮
২৩	বিএফআইডিসির আটটি শিল্প ইউনিটের সংক্ষিপ্ত পরিচিতি ও অর্জন	৪৯
২৪	বিএফআইডিসির উৎপাদিত রাবারের সমাপনী মজুদ প্রতিবেদন	৬০
২৫	বিগত ০৫(পাঁচ) বছরে কর্পোরেশনের উভয় সেক্টরে সমন্বিতভাবে লাভ-ক্ষতির বিবরণ	৬১
২৬	বিগত ০৫ (পাঁচ) বছরে সরকারি কোষাগারে জমা দেওয়া রাজস্বের পরিমাণ	৬২
২৭	অমীমাংসিত অগ্রিম নিরীক্ষা আপত্তির বিবরণ	৬৩
২৮	অমীমাংসিত সাধারণ নিরীক্ষা আপত্তির বিবরণ	৬৪
২৯	বাগান/ইউনিটভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষা আপত্তির বিবরণ	৬৫
৩০	আলোকচিত্রে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের উল্লেখযোগ্য কার্যক্রম	৬৭
৩১	ভবিষ্যৎ পরিকল্পনা	৭৫
৩২	সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ	৭৬
৩৩	কর্পোরেট সহযোগিতা	৭৭

ভূমিকা:

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) The Forest Industries Development Corporation ordinance, ১৯৫৯ এর অধীন প্রতিষ্ঠিত এবং Bangladesh Law (Revision and Declaration) Act 1973 (act No. VIII of ১৯৭৩) দ্বারা প্রতিস্থাপিত। বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন একটি রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক প্রতিষ্ঠান। বর্তমানে বিএফআইডিসির তিনটি জোনের (চট্টগ্রাম, সিলেট ও মধুপুর) আওতায় ১৮টি রাবার বাগান ও একটি রাবার ট্রেনিং সেন্টার এবং ০৮টি শিল্প ইউনিট রয়েছে। রাবার বাগান সংলগ্ন এলাকাকে কেন্দ্র করে হাট-বাজার, শিক্ষাঙ্গন, ধর্মীয় উপাসনালয়সহ নানা ধরনের অবকাঠামো গড়ে ওঠায় অর্থনৈতিক কর্মকাণ্ড সম্প্রসারিত হবার ফলে উত্তরোত্তর দেশের দুর্গম পাহাড়ি ও প্রত্যন্ত অঞ্চলে জীবনযাত্রার মান ও আর্থ-সামাজিক অবস্থার প্রভূত উন্নয়ন সাধিত হচ্ছে। পৃথিবীর মানুষ বিভিন্নভাবে রাবারকে কাজে লাগিয়ে খেলার সামগ্রী থেকে শুরু করে গুরুত্বপূর্ণ প্রায় ৪৬ হাজার পণ্য সামগ্রী তৈরি করে বিশ্বের বিভিন্ন দেশে রপ্তানি করছে। রাবারের উৎপাদন বৃদ্ধির স্বার্থে বাংলাদেশ রাবার বোর্ড এর মাধ্যমে উচ্চ ফলনশীল রাবার ক্লোন আমদানি এবং রাবার বাগান ও শিল্প ইউনিটসহ বিএফআইডিসির সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে "বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) শক্তিশালীকরণ" প্রকল্প হাতে নেওয়া হয়েছে এবং প্রায় ৯ লক্ষ জীবনচক্র হারানো রাবার গাছ দ্রুত কর্তনের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগে ০৮ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দের ০৪.০০.০০০০. ৩১১.০৬.১০৩.২২.৭৯(২) নং স্মারক মূলে "বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন আইন-২০২২" এর খসড়ার নীতিগত অনুমোদন দেওয়া হয়েছে।

স্বপ্নের সোনার বাংলা গড়তে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতা পরবর্তী সময়ে সম্ভাব্য সকল সেক্টরের উন্নয়নে মনোনিবেশ করেন। সে ধারাবাহিকতায় আধুনিক সভ্যতা বিকাশে রাবারের প্রয়োজনীয়তা ও সম্ভাবনার বিষয় অনুভব করেছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। সে লক্ষ্যে ১১ ফেব্রুয়ারি, ১৯৭৫ খ্রি. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রামু রাবার বাগানের বিশ্রামাগারে বসে তৎকালীন দায়িত্বরত বন কর্মকর্তাকে জরুরি কর্মসূচির মাধ্যমে পরবর্তী ৮ (আট) বছরে রাবারে স্বনির্ভর হবার নির্দেশ দেন। তারই ধারাবাহিকতায় বর্তমানে বিএফআইডিসি বাংলাদেশের রাষ্ট্রীয় সংস্থার মধ্যে অন্যতম প্রাচীন এবং মুনাফা অর্জনকারী রাষ্ট্রায়াত্ত্ব বাণিজ্যিক প্রতিষ্ঠান।

ভিশন:

রাবার কাঠ ও কাঠ শিল্পকে টেকসই ও উন্নত করা।

মিশন:

গবেষণা ও উন্নয়ন, কার্যকর প্রযুক্তির ব্যবহার, দক্ষতা অর্জন ও মানসম্মত সেবার মাধ্যমে রাবার ও কাঠ শিল্পকে টেকসই করা। এবং বিএফআইডিসিকে একটি প্রতিযোগিতামূলক কর্পোরেট প্রতিষ্ঠানে উন্নীত করা।

উদ্দেশ্য:

- বনবিভাগ ও বিএফআইডিসির বাগান হতে কাঠ ও জীবনচক্র হারানো রাবার কাঠ আহরণ;
- বনবিভাগ হতে প্রাপ্ত জমিতে বাণিজ্যিকভাবে রাবার চাষ, উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন;
- বনজসম্পদের বাণিজ্যিক ও সর্বোচ্চ ব্যবহারকল্পে শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলা;
- আহরিত কাঠ চিড়াই, ট্রিটমেন ও সিজনিং এর মাধ্যমে গুণগতমান ও স্থায়িত্ব বৃদ্ধি;
- বাণিজ্যিকভাবে আধুনিক আসবাবপত্র/ কাঠসামগ্রী তৈরি ও সরবরাহ;
- পাহাড়ী ও প্রত্যন্ত গ্রামীণ জনপদে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

লক্ষ্যসমূহ:

- শিল্প কারখানা স্থাপনের মাধ্যমে বনজসম্পদের সর্বোচ্চ ব্যবহার;
- অপেক্ষাকৃত কম উর্বর ক্ষয়প্রাপ্ত পাহাড়, টিলা, উঁচুভূমিতে সফল, টেকসই ও বাণিজ্যিকভাবে লাভজনক রাবার বাগান সৃজন এবং মাটির ক্ষয়রোধ;
- প্রত্যন্ত জনপদে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্রবিমোচন ও জীবনযাত্রার মানোন্নয়ন;
- কার্বন শোষণের মাধ্যমে বৈশ্বিক উষ্ণতা হ্রাস;
- প্রাকৃতিক কাঁচা রাবার উৎপাদন ও বিপণনের মাধ্যমে বৈদেশিক মুদ্রার সাশ্রয়।

সংক্ষিপ্ত পরিচিতি :

সদর দপ্তর, ঢাকা'র বিভাগ ভিত্তিক পরিচিতি:

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের প্রধান কার্যালয় "বনশিল্প" ভবন, ৭৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। এ দপ্তরে (০৪) চারটি বিভাগ রয়েছে। নিম্নে বিভাগভিত্তিক অবস্থান ও কার্যাবলীর সংক্ষিপ্ত বিবরণ দেখানো হলো:

ক্রমিক	বিভাগের নাম	শাখার নাম	অবস্থান	কার্যাবলী
০১	সচিবালয়	চেয়ারম্যান এর একান্ত সচিব	২য় তলা	প্রাপ্ত চিঠিপত্র বিভাগওয়ারী বিলিকরণ, চেয়ারম্যান মহোদয়ের স্বাক্ষরিত পত্র প্রেরণ।
		জনসংযোগ	৩য় তলা	প্রকাশনার নিমিত্তে সকল ডকুমেন্ট তৈরি ও প্রকাশের ব্যবস্থা গ্রহণ।
		আইসিটি	৩য় তলা	ওয়েব সাইট সম্পর্কিত সকল কাজ সম্পাদন।
		সংস্থাপন	২য় তলা	নিয়োগ, বদলি, পদোন্নতি ও বিভিন্ন ধরনের প্রতিবেদন প্রেরণ।
		আইন ও বোর্ড	৩য় তলা	মামলা সম্পর্কিত কাজ আইন ও বিধি অনুযায়ী সম্পাদন।
		এস্টেট	২য় তলা	স্থাবর ও অস্থাবর সম্পত্তির কার্যক্রম সম্পাদন।
		সাধারণ সেবা	২য় তলা	দপ্তর/ভবনের প্রয়োজনীয় সকল মালামাল/যানবাহন ক্রয় ও চাহিদা অনুযায়ী সরবরাহ/ বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ।
০২	পরিকল্পনা ও উন্নয়ন	পরিকল্পনা ও উন্নয়ন	৮ম তলা	রাবার ও শিল্প ইউনিটের উন্নয়নমূলক কাজ সম্পাদনের জন্য প্রকল্প/কর্মসূচি প্রণয়ন ও অনুমোদনের ব্যবস্থা গ্রহণ শেষে বাস্তবায়নের পদক্ষেপ নেওয়া।
		রাবার	৮ম তলা	অধীন বাগানসমূহের প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের সুপারিশসহ নথি উপস্থাপন, চাহিত মালামাল প্রদানের প্রশাসনিক অনুমোদন।
		ক্রয়	৮ম তলা	রাবার বাগান ও শিল্প ইউনিটের ২৫ লক্ষ টাকা উর্ধ্ব মূল্য মানের দরপত্র মূল্যায়ন ও অনুমোদনের ব্যবস্থা গ্রহণ
		বাস্তবায়ন ও পরিবীক্ষণ	৮ম তলা	নির্মাণ সম্পর্কিত সকল কাজের নকশা প্রস্তুত, অনুমোদন ও পরবর্তীকালে বাস্তবায়ন।
০৩	উৎপাদন ও বাণিজ্য	উৎপাদন ও বিক্রয়	৩য় তলা	অধীন শিল্প ইউনিটের সকল কাজের প্রশাসনিক অনুমোদনের ব্যবস্থা নেওয়া।
		মার্কেটিং শাখা	৩য় তলা	বিএফআইডিসির উৎপাদিত রাবার ও আসবাবপত্র বিক্রয় ও সরবরাহ মনিটরিং।
০৪	অর্থ	হিসাব	৪র্থ তলা	প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ের মনিটরিং সেল কর্তৃক কর্পোরেশনের বার্ষিক বাজেট উপস্থাপন ও অনুমোদন গ্রহণ এবং কর্মকর্তা, কর্মচারীদের গ্রাচুইটি ও সিপিএফ তহবিল পরিচালনা
		নিরীক্ষা	৪র্থ তলা	সরকারি অডিটের জবাবের সঠিকতা যাচাই ও মতামত প্রদান করে অডিট অধিদপ্তরে প্রেরণ করা এবং অমীমাংসিত আপত্তিসমূহের উপর দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজনের কাজ সম্পাদনের ব্যবস্থা নেওয়া।
		এমআইএস	৪র্থ তলা	আওতাধীন অধঃস্তন কার্যালয় হতে তথ্য সংগ্রহ করে প্রতিবেদন তৈরি, অনুমোদন ও প্রকাশ।

রাবার সেক্টর

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের রাবার সেক্টর চট্টগ্রাম, সিলেট ও টাঙ্গাইল-শেরপুর জোন নামে ০৩টি জোনে বিভক্ত। উক্ত তিনটি জোনের নিয়ন্ত্রণাধীন মোট রাবার বাগানের সংখ্যা ১৮টি। জোন ভিত্তিক বাগানসমূহের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ-

ক্র. নং	জোন/বাগানের নাম	প্রতিষ্ঠাকাল	অবস্থান
রাবার বিভাগ, চট্টগ্রাম জোন		০১-০১-১৯৮৪	৬৭, পাঁচলাইশ আবাসিক এলাকা, চট্টগ্রাম
		জুলাই, ১৯৯৩	এফ-১২, চান্দগাঁও আবাসিক এলাকা, চট্টগ্রাম
১	**রামু রাবার বাগান**	১৯৬০-৬১	রামু, কক্সবাজার
২	**রাউজান রাবার বাগান**	১৯৬০-৬১	রাউজান, চট্টগ্রাম
৩	**ডাবুয়া রাবার বাগান**	১৯৬৮-৬৯	রাউজান, চট্টগ্রাম
৪	**হলদিয়া রাবার বাগান**	১৯৮১-৮২	রাউজান, চট্টগ্রাম
৫	**কাঞ্চননগর রাবার বাগান,**	১৯৮২-৮৩	ফটিকছড়ি, চট্টগ্রাম
৬	**রাঙ্গামাটিয়া রাবার বাগান**	১৯৭৮-৭৯	ফটিকছড়ি, চট্টগ্রাম
৭	**দাঁতমারা রাবার বাগান**	১৯৬৯-৭০	ফটিকছড়ি, চট্টগ্রাম
৮	**তারাখোঁ রাবার বাগান**	১৯৮২-৮৩	ফটিকছড়ি, চট্টগ্রাম
৯	**রাউজান-রাঙ্গুনিয়া রাবার বাগান**	২০১২-১৩	পোমরা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম
১০	**রাবার ট্রেনিং সেন্টার**	১৯৮০	ফটিকছড়ি, চট্টগ্রাম
রাবার বিভাগ, সিলেট জোন		১৯৮২	ইছবপুর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
১	ভাটেরা রাবার বাগান	১৯৬৫	কুলাউড়া, মৌলভীবাজার
২	সাতগাঁও রাবার বাগান	১৯৭১	শ্রীমঙ্গল, মৌলভীবাজার
৩	রূপাইছড়া রাবার বাগান	১৯৭৭	বাহুবল, হবিগঞ্জ
৪	শাহজীবাজার রাবার বাগান	১৯৮০	মাধবপুর, হবিগঞ্জ
রাবার বিভাগ, টাঙ্গাইল-শেরপুর জোন		১৯৮৯	কাকরাইদ, মধুপুর, টাঙ্গাইল
১	পীরগাছা রাবার বাগান	১৯৮৬	মধুপুর, টাঙ্গাইল
২	চাঁদপুর রাবার বাগান	১৯৮৯	মধুপুর, টাঙ্গাইল
৩	সন্তোষপুর রাবার বাগান	১৯৯৪	ফুলবাড়ীয়া, ময়মনসিংহ
৪	কমলাপুর রাবার বাগান	১৯৯৪	মধুপুর, টাঙ্গাইল
৫	কর্ণঝোড়া রাবার বাগান	১৯৯৪	শ্রীবর্দী, শেরপুর

শিল্প সেক্টর

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের ০৮টি শিল্প সেক্টর আসবাবপত্র তৈরি ও কাঠ প্রক্রিয়াজাতকরণ ইউনিটের সার্বিক কার্যক্রম নিয়ে পরিচালিত হয়। এসব শিল্প ইউনিট কাঠের দরজা-জানালা, চৌকাঠ ও আসবাবপত্র তৈরি করে সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সরবরাহ করে আসছে। শিল্প ইউনিটসমূহের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ-

ক্র. নং	শিল্প ইউনিট এর নাম	স্থাপন কাল	অবস্থান	কার্যক্রম
১	ক্যাবিনেট ম্যানুফ্যাকচারিং প্লান্ট, মিরপুর, ঢাকা	১৯৬২-৬৩	মিরপুর, ঢাকা	আসবাবপত্র তৈরি ও সরবরাহ করা।
২	ইস্টার্ন উড্ ওয়ার্কস্, তেজগাঁও, ঢাকা	১৯৭২-৭৩	তেজগাঁও, ঢাকা	আসবাবপত্র তৈরি ও সরবরাহ করা।
৩	সাঙ্গু মাতামুহুরী, কাঠ আহরণ ইউনিট, কালুরঘাট, চট্টগ্রাম	১৯৬০-৬১	কালুরঘাট, চট্টগ্রাম	কাঠ আহরণ, আসবাবপত্র তৈরি ও সরবরাহ করা।
৪	ক্যাবিনেট ম্যানুফ্যাকচারিং প্লান্ট, কালুরঘাট, চট্টগ্রাম	১৯৬২-৬৩	কালুরঘাট, চট্টগ্রাম	আসবাবপত্র তৈরি ও সরবরাহ করা।
৫	ফিডকো ফার্নিচার কমপ্লেক্স, কালুরঘাট, চট্টগ্রাম	১৯৬৪-৬৫	কালুরঘাট, চট্টগ্রাম	আসবাবপত্র তৈরি ও সরবরাহ করা।
৬	কাষ্ঠ সংরক্ষণ ইউনিট, কালুরঘাট, চট্টগ্রাম	১৯৬১-৬২	কালুরঘাট, চট্টগ্রাম	কাঠ ট্রিটমেন্ট ও সিজন করা এবং আসবাবপত্র তৈরি ও সরবরাহ করা।
৭	ল্যাম্বার প্রসেসিং কমপ্লেক্স, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা	১৯৬৬-৬৭	কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা	কাঠ ট্রিটমেন্ট ও সিজন করা এবং আসবাবপত্র তৈরি ও সরবরাহ করা।
৮	রাবার কাঠ প্রেসার ট্রিটমেন্ট প্লান্ট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার	২০১২-১৮	শ্রীমঙ্গল, মৌলভীবাজার	কাঠ আহরণ, ট্রিটমেন্ট, সিজন, আসবাবপত্র তৈরি ও সরবরাহ করা।

সাংগঠনিক কাঠামো ও জনবল

সাংগঠনিক কাঠামো

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি রাষ্ট্রায়াত্ত প্রতিষ্ঠান। রুলস অব বিজনেস অনুযায়ী অতিরিক্ত সচিব পদমর্যাদার বিসিএস(প্রশাসন) ক্যাডারের একজন কর্মকর্তা চেয়ারম্যান হিসেবে কর্পোরেশনের কর্মকাণ্ড বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করছেন। এছাড়া তিনি কর্পোরেশনের প্রশাসনিক প্রধান। তাঁকে সহযোগিতা করার জন্য যুগ্ম সচিব পদমর্যাদার তিনজন পরিচালক, উপসচিব পদমর্যাদার একজন সচিব এবং কর্পোরেশনে ছয়জন মহাব্যবস্থাপক রয়েছেন। কর্পোরেশনের তিনটি জোন দপ্তর, জোন দপ্তরসমূহের নিয়ন্ত্রণে ১৮টি রাবার বাগান এবং সদর দপ্তরের নিয়ন্ত্রণে ০৮টি শিল্প ইউনিট রয়েছে।

পরিচালনা পর্ষদ

ক্রমিক নং	নাম	পদবী	যোগদানের তারিখ
০১	জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ	চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)	২০-০৬-২০২৩
০২	জনাব নেছার আহমদ	পরিচালক (উৎপাদন ও বাণিজ্য) (যুগ্মসচিব)	০৬-০২-২০২৩
০৩	জনাব মোঃ এনায়েত উল্লাহ খান ইউসুফজী	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) (যুগ্মসচিব)	১৪-১১-২০২২
০৪	জনাব মোঃ আবুল আমিন	সচিব (উপসচিব)	১৯-০৭-২০২২

জনবল

ক্রমিক	গ্রেড	অনুমোদিত	কর্মরত	শূন্যপদ
১	২	৩	৪	৫
১	১ম শ্রেণি (১-৯ গ্রেড)	২৩৩	৯৯	১৩৪
২	২য় শ্রেণি (১০ গ্রেড)	১৩	-	১৩
৩	৩য় শ্রেণি (১১-১৬ গ্রেড)	৪৮২	১৮৮	২৯৪
৪	৪র্থ শ্রেণি (১৭-২০ গ্রেড)	৫৫৮	১৮৩	৩৭৬
উপমোট (পে-কমিশন) =		**১২৮৬**	**৪৭০**	**৮১৭**
৫	শ্রমিক (মজুরি কমিশন)	৪৮৭৭	নিয়মিত-১২৭২	-
			অনিয়মিত-৩৬০৫	-
উপমোট =		**৪৮৭৭**	**৪৮৭৭**	**-**
সর্বমোট =		**৬১৬৩**	**৫৩৪৭**	**৮১৭**

২০২২-২৩ অর্থবছরে উল্লেখযোগ্য অর্জন

কৃষি সেক্টর

গাছের ধরন ও সংখ্যা:

ক্রমিক নম্বর	বাগানের নাম	সৃজিত বাগানের পরিমাণ (একর)	উৎপাদনশীল গাছের সংখ্যা (টি) [৮-৩২ বছর]	অনুৎপাদনশীল গাছের সংখ্যা (টি) [৭ বছর পূর্ণ হয়নি]	জীবনচক্র হারানো গাছের সংখ্যা (টি) [৩২ বছর+]	মোট গাছের সংখ্যা (টি)
১	২	৩	৪	৫	৬	৭(৪+৫+৬)
(ক) চট্টগ্রাম জোন						
১	রামু রাবার বাগান	২,১৩১	৮৪,৫৯৩	১০৩,৭৮৬	২২,৬১৭	২১০,৯৯৬
২	রাউজান রাবার বাগান	১,২৮০.১	৭৩,০৯০	১২৩,৬৬৪	২,৫৫৪	১৯৯,৩০৮
৩	ডাবুয়া রাবার বাগান	২,১০০.১	৭৬,৬২৬	২৪৬,৭০৫	৩০,৮৯৯	৩৫৪,২৩০
৪	হলদিয়া রাবার বাগান	২,২৪৬	১৩৬,০৩১	১৭০,৬৩৮	৩১,৯২০	৩৩৮,৫৮৯
৫	কাঞ্চননগর রাবার বাগান	১,১৩০	৬৮,০৬৬	৭২,৬৯২	১১,১৭২	১৫১,৯৩০
৬	রাঙ্গামাটিয়া রাবার বাগান	১,২৪১	৩৯,৭৫৮	৪০,৭১৩	২৫,৩১০	১০৫,৭৮১
৭	দাঁতমারা রাবার বাগান	৩,৯৬৫	২২৩,৪৪৩	১৩৬,৯৫৯	৬১,৭৪০	৪২২,১৪২
৮	তাঁরাখো রাবার বাগান	২,৪৩৬	১৩৩,৭৯০	১১৭,৯৫৫	১৫,২৩৯	২৬৬,৯৮৪
৯	রাউজান-রাঙ্গুনিয়া রাবার বাগান	৭৮৮	১৮,২৬২	১২৫,৮৮৭	নাই	১৪৪,১৪৯
উপমোট		**১৭,৩১৭.২**	**৮৫৩,৬৫৯**	**১১৩৮,৯৯৯**	**২০১,৪৫১**	**২১৯৪,১০৯**
(খ) সিলেট জোন						
১০	ভাটেরা রাবার বাগান	২,৪৬৭	৭,১১৯	১৪০,২০২	৮৮,১৯৯	২৩৫,৫২০
১১	সাতগাঁও রাবার বাগান	১,৭৪৪	১৪,৮৭৫	৮৬,৯২০	৮৭,৯৭৭	১৮৯,৭৭২
১২	রূপাইছড়া রাবার বাগান	১,৬৯৩	১,২৫৩	৭১,৯১২	১৪৫,১৩৩	২১৮,২৯৮
১৩	শাহজীবাজার রাবার বাগান	১,৮৭১	৫,৭৭৫	৩০,২৭৪	২০৫,০০৫	২৪১,০৫৪
উপমোট		**৭,৭৭৫**	**২৯,০২২**	**৩২৯,৩০৮**	**৫২৬,৩১৪**	**৮৮৪,৬৪৪**
(গ) টাংগাইল-শেরপুর জোন						
১৪	পীরগাছা রাবার বাগান	২,৮৪০	১৩২,২৮৩	৩৮,৫৯৫	১৪২,১৫০	৩১৩,০২৮
১৫	চাঁদপুর রাবার বাগান	২,৩৭৯	১৪৪,৫৯৩	৬৮,৫৪৫	৪২,৭৪৯	২৫৫,৮৮৭
১৬	সন্তোষপুর রাবার বাগান	১,০৩৬	৯০,৮৭৮	৭৬,১৮৮	৮,১৮২	১৭৫,২৪৮
১৭	কমলাপুর রাবার বাগান	৯৯৪	১০০,৮৫৫	৪৩,৪৮১	নাই	১৪৪,৩৩৬
১৮	কর্ণঝোড়া রাবার বাগান	৬২০	৩৯,১০৫	৮,০১৬	নাই	৪৭,১২১
উপমোট		**৭,৮৬৯**	**৫০৭,৭১৪**	**২৩৪,৮২৫**	**১৯৩,০৮১**	**৯৩৫,৬২০**
সর্বমোট		**৩২,৯৬১.২**	**১৩৯০,৩৯৫**	**১৭০৩,১৩২**	**৯২০,৮৪৬**	**৪০১৪,৩৭৩**



পুনঃ বাগান সৃজন



সৃজিত রাবার নার্সারী

রাবার উৎপাদন

ক্রমিক নং	বাগানের নাম	উৎপাদন (মেট্রিক টন)		
		লক্ষ্যমাত্রা	অর্জন	শতকরা হার (%)
১	২	৩	৪	৫
(ক) চট্টগ্রাম জোন:				
১.	রামু রাবার বাগান	২৫৭.০	২০০.১৯৩	৭৮%
২.	রাউজান রাবার বাগান	১৯৯.০	২০৮.৮২৪	১০৫%
৩.	ডাবুয়া রাবার বাগান	৩৪৫.০	৩৪৬.৮২	১০১%
৪.	হলদিয়া রাবার বাগান	৪০৪.০	৪২৩.১২৭	১০৫%
৫.	কাঞ্চননগর রাবার বাগান	২৩৭.০	২২৬.২৮০	৯৫%
৬.	রাঙ্গামাটিয়া রাবার বাগান	১৬৯.০	১৮০.১২৮	১০৭%
৭.	দাঁতমারা রাবার বাগান	৭৬৪.০	৭৬০.৫১৫	১০০%
৮.	তারাখোঁ রাবার বাগান	৫১৮.০	৪৩৭.৯২৪	৮৫%
৯.	রাউজান-রাঙ্গুনিয়া রাবার	১৫.০	২৯.৮৭৫	১৯৯%
	উপমোট =	২৯০৮.০	২৮১৩.৬৯৮	৯৭%
(খ) সিলেট জোন:				
১০.	ভাটেরা রাবার বাগান	১৯৮.০০	১৭০.৩৬	৮৬%
১১.	সাতগাঁও রাবার বাগান	১৭৯.০০	১৭৭.৩৩	৯৯%
১২.	রূপাইছড়া রাবার বাগান	৩৩০.০০	২৬২.৪০	৮০%
১৩.	শাহজীবাজার রাবার বাগান	৪৯৬.০০	৪৬২.১৯	৯৩%
	উপমোট =	১২০৩.০০	১০৭২.২৮	৮৯%
(গ) টাঙ্গাইল-শেরপুর জোন:				
১৪.	পীরগাছা রাবার বাগান	৯৩৪.০০	৭৬৩.৯২	৮২%
১৫.	চাঁদপুর রাবার বাগান	৬৫৬.০০	৫৪২.৬২	৮৩%
১৬.	সন্তোষপুর রাবার বাগান	১৯৫.০০	১৩৭.১০	৭০%
১৭.	কমলাপুর রাবার বাগান	৩৩৮.০০	৩১৫.৩৫	৯৩%
১৮.	কর্ণঝোড়া রাবার বাগান	১৭১.০০	১৫৯.৩৫	৯৩%
	উপমোট =	২২৯৪.০০	১৯১৮.৩৪	৮৪%
	সর্বমোট =	৬৪০৫	৫৮০৪.৩১৮	৯১%



বাটিতে রাবার কষ (ল্যাটেক্স) সংগ্রহ



ধুমঘরে ধূমায়িত রাবার শীট



দেশে ও বিদেশে রাবার বিক্রয়

ক্রমিক নং	বিবরণ	রাবার বিক্রয়	
		পরিমাণ (মেট্রিক টন)	টাকা (লক্ষ টাকায়)
০১	দেশীয় ক্রেতাদের নিকট বিক্রয়	৭৬০.৪৯	১২১৪.৪৭
০২	বিদেশে রপ্তানি	৭৩৫.০০	১০৪৮.৯০ (১০.০১ লক্ষ মার্কিন ডলার)



রাবার বান্ডিল



রাবার রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন।

নার্সারী, বাগান সৃজন ও জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন

২০২২-২০২৩ অর্থবছরে বিএফআইডিসির ১৮টি রাবার বাগানে নার্সারি ও বাগান সৃজনের পরিমাণ এবং অপসারণকৃত জীবনচক্র হারানো রাবার গাছের বিবরণ:

ক্র. নং	বাগানের নাম	২০২২-২০২৩ অর্থবছর						
		নার্সারি সৃজন (একর)		বাগান সৃজন (একর)		অপসারণকৃত রাবার গাছ (সংখ্যা)	প্রাপ্ত গোলকাঠ (ঘঃ ফুঃ)	প্রাপ্ত জ্বালানী কাঠ (ঘঃ ফুঃ)
		লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
(ক) চট্টগ্রাম জোন:								
১.	রামু রাবার বাগান	**১.৫০**	১.০০	৫০.০	৫০.০	৯৭	-	৫৬৬৩.০
২.	রাউজান রাবার বাগান	১.০০	১.০০	৩০.০	৩০.০	-	-	-
৩.	ডাবুয়া রাবার বাগান	১.০০	১.০০	-	-	৮৯৩	-	১৪১০৬.০
৪.	হলদিয়া রাবার বাগান	১.০০	১.০০	৩৫.০	৩৭.০	২৫০০	৪৫৭৭.৯৭	৩৮১৪.০
৫.	কাঞ্চননগর রাবার বাগান	১.০০	১.০০	৩০.০	২৭.০	২৫৯	-	৬১৭০.০
৬.	রাঙ্গামাটিয়া রাবার বাগান	০.৫০	০.৫০	-	-	৩৯৮	১৭২০.০	৬৯৩৩.০
৭.	দাঁতমারা রাবার বাগান	১.০০	১.০০	৩০.০	৩১.০	২১১০	১৬৫৯৫.৯৭	২০২৬৫.০
৮.	তারাখোঁ রাবার বাগান	২.০০	২.০০	৩৫.০	৩৫.০	-	-	-
৯.	রাউজান-রাঙ্গুনিয়া রাবার বাগান	১.০০	-	৫৫.০	৫৫.০	-	-	-
	উপমোট =	১০.০০	৮.৫০	২৬৫.০	২৬৫.০	৬২৫৭	২২৮৯৩.৯৪	৯১২৮০.০
(খ) সিলেট জোন:								
১০.	ভাটেরা রাবার বাগান	৩.০	৩.০	১০৫.০	১০৫০.	১৭৮৫	৩১০২৫.৩৬	৩৮০৭৭.০০
১১.	সাতগাঁও রাবার বাগান	১.৫	১.৫	৭০.০	৭০.০	২৫৫৭	৪০২৪১.২৭	৩০০০০.০০
১২.	রূপাইছড়া রাবার বাগান	২.০	২.০	৭৫.০	৭৫.০	৬৮৭০	২৮৬৫৫.০	১৩৬২৬.০০
১৩.	শাহজীবাজার রাবার বাগান	০	০	৩০.০	৩০.০	৩৩০০		
	উপমোট =	৬.৫	৬.৫	২৮০	২৮০	১৪৫১২	৯৯৯২১.৬৩	৮১৭০৩
(গ) টাঙ্গাইল-শেরপুর জোন:								
১৪.	পীরগাছা রাবার বাগান	৩.০	৩.৫	৫৫.০	৫৫.০	৭৫২০	২৩২৮৯.৫৯	১১১৯০১.০
১৫.	চাঁদপুর রাবার বাগান	--	--	--	--	৫২৯	--	১৩৪০৫.০
১৬.	সন্তোষপুর রাবার বাগান	৩.০	৩.০	৫৫.০	৫৫.০	৯৯৭৩	--	১২৭৯৪.০
১৭.	কমলাপুর রাবার বাগান	০.২	০.২	১০.০	১০.০	--	৯০০০	--
১৮.	কর্ণঝোড়া রাবার বাগান	০.৫	০.৩	--	--	--	--	--
	উপমোট =	৬.৭	৭.০	১২০.০	১২০.০	১৮০২২	২৩২৮৯.৫৯	১৩৮১০০.০
	সর্বমোট =	২৩.২	২২	৬৬৫	৬৬৫	৩৮৭৯১	১৪৬১০৫.১৬	৩১১০৮৩

বিঃ দ্রঃ সিলেট জোনে ৫৬১৯টি এবং টাঙ্গাইল-শেরপুর জোনে ৯০০০টি গাছ টেন্ডারে বিক্রি করা হয়েছে।



রাবার বাগান



সাইজকৃত রাবার গাছ

জোন ও বাগানভিত্তিক লাভ/ক্ষতির বিবরণ

বিবরণ	আয়	ব্যয়	লাভ/ ক্ষতি
১	২	৩	৪
(ক) চট্টগ্রাম জোন			
রামু রাবার বাগান	২৪০.৯৬	৩১৬.৮১	-৭৫.৮৫
রাউজান রাবার বাগান	২৫০.৬৫	৩১৩.৭৬	-৬৩.১১
দাঁতমারা রাবার বাগান	৭৬১.৭৪	৯৩৬.৫৭	-১৭৪.৮৩
তারাখো রাবার বাগান	৫৩০.২১	৫৩০.৩৭	-০.১৬
হলুদিয়া রাবার বাগান	৪৬৬.৪৮	৩৮৭.৭৪	৭৮.৭৪
ডাবুয়া রাবার বাগান	৪৫২.৮২	৫১৯.০৮	-৬৬.২৬
কাঞ্চন নগর রাবার বাগন	২৮০.১২	২৬৬.৭৩	১৩.৩৯
রাঙ্গামাটিয়া রাবার বাগান	১৫২.৭১	২৮৩.৯৮	-১৩১.২৭
রাউজান- রাঙ্গুনিয়া রাবার বাগান	২৮.১৩	১০০.৬৮	-৭২.৫৫
উপ মোট	**৩১৬৩.৮২**	**৩৬৫৫.৭২**	**-৪৯১.৯০**
(খ) টাঙ্গাইল-শেরপুর জোন			
পীরগাছা রাবার বাগান	১০৬৪.৯৫	৮৭১.০৮	১৯৩.৮৭
চাঁদপুর রাবার বাগান	৬৭১.১৯	৬২২.১১	৪৯.০৮
সন্তোষপুর রাবার বাগান	৩১৯.০৫	৪২৮.৬০	-১০৯.৫৫
কমলাপুর রাবার বাগান	৫২৪.৯২	৫০৫.৫১	১৯.৪১
কর্ণঝোড়া রাবার বাগান	১৮৫.৪৭	১৯৮.৫৩	-১৩.০৬
উপ মোট	**২৭৬৫.৫৮**	**২৬২৫.৮৩**	**১৩৯.৭৫**
(গ) সিলেট জোন			
ভাটেরা রাবার বাগান	২১৭.৩৪	৫৬৩.০৮	-৩৪৫.৭৪
সাতগাঁও রাবার বাগান	১৭৩.২৪	৩৬৫.৬৬	-১৯২.৪২
শাহজীবাজার রাবার বাগান	৫৭১.২৯	১১৬১.৯৮	-৫৯০.৬৯
রূপাইছড়া রাবার বাগান	৩১২.৪২	৭৪৫.৭৩	-৪৩৩.৩১
উপ মোট	**১২৭৪.২৯**	**২৮৩৬.৪৫**	**-১৫৬২.১৬**
সর্বমোট=	**৭২০৩.৬৯**	**৯১১৮**	**-১৯১৪.৩১**



শিল্প সেক্টর

উৎপাদন লক্ষ্যমাত্রা ও অর্জন

ক্র. নং	শিল্প ইউনিট এর নাম	২০২২-২০২৩ অর্থবছর		
		লক্ষ্যমাত্রা (ঘনফুট)	অর্জন (ঘনফুট)	অর্জনের হার (%)
১	ক্যাবিনেট ম্যানুফ্যাকচারিং প্লান্ট, মিরপুর, ঢাকা	৫৬০০০.০০	৩৭৯২৩.৪৩	৬৮%
২	ইস্টার্ন উড্ ওয়ার্কস্, তেজগাঁও, ঢাকা	৪৮০০০.০০	৪৩৫৯৯.০৫	৯১%
৩	সাঙ্গু মাতামুহুরী, কাঠ আহরণ ইউনিট, কালুরঘাট, চট্টগ্রাম	**৯২,০০০.০০**	**৮১,৫৩০.৭৩**	**৮৯%**
৪	ক্যাবিনেট ম্যানুফ্যাকচারিং প্লান্ট, কালুরঘাট, চট্টগ্রাম	৩৫০০০.০০	৩২০০৫.৯২	৯১%
৫	ফিডকো ফার্নিচার কমপ্লেক্স, কালুরঘাট, চট্টগ্রাম	৩৮,০০০.০০	৩৮,৪৯৯.৪১	১০১%
৬	কাষ্ঠ সংরক্ষণ ইউনিট, কালুরঘাট, চট্টগ্রাম	৬০০০০.০০	৫৭৬৯৭.৫২	৯৬%
৭	লাম্বার প্রসেসিং কমপ্লেক্স, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা	১,৫০,০০০.০০	১,৩০,৮২৪.৮০	৮৭%
৮	রাবার কাঠ প্রেসার ট্রিটমেন্ট প্লান্ট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার	১,৬০,০০০.০০	৯২,৯৪৫.৭৭	৫৮%
	সর্বমোট =	**৬,৩৯,০০০.০০**	**৫,১৫,০২৬.৬৩**	**৮১%**



চিত্র: সেক্রেটারিয়েট



চিত্র: হাই ও লো বেঞ্চ





চিত্র: হাতল ছাড়া চেয়ার



চিত্র: স্পীকার টেবিল (ডায়াচ)

শিল্প সেক্টর

শিল্প ইউনিটের লাভ/ক্ষতির বিবরণ

(লক্ষ টাকায়)

ক্রমিক	বিবরন	আয়	ব্যয়	লাভ
১	২	৩	৪	৫
০১	বিএফআইডিসি, ফিডকো ফার্নিচার কমপ্লেক্স	১৩৫১.৯৯	১০৫৭.২	২৯৪.৭৯
০২	বিএফআইডিসি, সি এম পি, চট্টগ্রাম	১২৬৩.৪৩	১০২৬.৬৬	২৩৬.৭৭
০৩	বিএফআইডিসি, কাষ্ঠ সংরক্ষণ ইউনিট, চট্টগ্রাম	৬৬৭.২৪	৫৫৩.৬৭	১১৩.৫৭
০৪	বিএফআইডিসি, এস এম পি, চট্টগ্রাম	৭৭৩.৬	৬৭৭.১৮	৯৬.৪২
০৫	বিএফআইডিসি, সি এম পি, মিরপুর, ঢাকা	১৯৪৪.৫৪	১৩২০.৭৯	৬২৩.৭৫
০৬	বিএফআইডিসি, ইস্টার্ন উড ওয়ার্কস, ঢাকা	১৬৮২.০৪	১৩৯২.৪	২৮৯.৬৪
০৭	বিএফআইডিসি, এল পি সি, কাপ্তাই	১২০৫.৭৭	৯৭৬.৬১	২২৯.১৬
০৮	বিএফআইডিসি, পিটিপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার	৫৭১.৫২	৩৯৮.১১	১৭৩.৪১
	মোট=	৯৪৬০.১৩	৭৪০২.৬২	২০৫৭.৫১



বিএফআইডিসির শিল্প সেক্টরের তৈরি আসবাবপত্র

প্রশিক্ষণ

সদর দপ্তর, ঢাকায় আয়োজিত

ক্রমিক নং	কোর্সের বিবরণ	তারিখ	প্রশিক্ষণার্থী		মোট
			কর্মকর্তা	কর্মচারী	
১.	সরকারি কর্মচারী আচরণ বিধিমালা	২৫-০৯-২০২২ ২০-০৩-২০২৩ ২৬-০৬-২০২৩	২৫	১৪৬	১৭১
২.	জাতীয় শুদ্ধাচার কৌশল	২৫-০৯-২০২২ ২০-০৩-২০২৩ ২৬-০৩-২০২৩	২৫	১৪৬	১৭১
৩.	ডি-নথি বাস্তবায়ন প্রক্রিয়া	২৬-০৬-২০২৩	০৯	৩১	৪০
৪.	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা করণীয় বিষয়	২৫-০৯-২০২২ ২৫-০৬-২০২৩	১৫	৫৫	৭০
৫.	সেবা প্রদান প্রতিশ্রুতি	২০-০৩-২০২৩ ২৬-০৬-২০২৩	১৫	৫৫	৭০
৬.	ই-গভর্ন্যান্স উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আওতায় "উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন" সংক্রান্ত প্রশিক্ষণ কোর্স	২৫-০৯-২০২২ ২১-১১-২০২২ ২০-০৩-২০২৩ ২৫-০৬-২০২৩ ২৬-০৬-২০২৩	২৫	১৪৬	১৭১
৭.	ইএফটি ডাটা এন্ট্রিকরণ	১৪-১২-২০২২	০১	০৪	০৫
৮.	তথ্য অধিকার আইন-২০০৯	২৫-০৯-২০২২ ২১-১১-২০২২ ২০-০৩-২০২৩	২৫	৬৬	৯১
৯.	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা	২০-০৩-২০২৩ ২৫-০৬-২০২৩	১৫	৫৫	৭০
	সর্বমোট				

চট্টগ্রাম জোনের রাবার ট্রেনিং সেন্টারে আয়োজিত

ক্রমিক	তারিখ	প্রশিক্ষণের বিষয়	জোন/ইউনিটের বিবরণ	অংশ গ্রহণকারীর সংখ্যা
১.	(ক) ২১.০৯.২০২২ (এক দিন)	জাতীয় শুদ্ধাচার ও কৌশল বাস্তবায়ন	বিএফআইডিসি, রাবার বিভাগ, চট্টগ্রাম।	১০
	(খ) ২১.০৯.২০২২ (এক দিন)	সুষ্ঠু টেপিং ব্যবস্থাপনা ও কৌশল বিষয়ক ওয়ার্কসপ	রাবার বিভাগ, চট্টগ্রাম।	১৫
উপমোট =				২৫ জন
২.	০৫.১১.২০২৩ (এক দিন)	অফিস ব্যবস্থাপনা ও ভাণ্ডার ব্যবস্থাপনা	বিএফআইডিসি, রাবার বিভাগ, চট্টগ্রাম।	০৭
			বিএফআইডিসি, রাবার বিভাগ, সিলেট।	০১
			বিএফআইডিসি, রাবার বিভাগ, টাঙ্গাইল- শেরপুর।	০২
			বিএফআইডিসি, এলপিসি, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।	০১
উপমোট =				১১ জন
৩.	১৩.০৩.২০২৩ (এক দিন)	উন্নতমানের রাবার সিট প্রস্তুত করণ, সিট রোলিং ও হ্যাঙ্গারিং এবং ধূমঘরে ধুমায়িতকরণ	বিএফআইডিসি, রাবার বিভাগ, চট্টগ্রাম।	১০
			বিএফআইডিসি, রাবার বিভাগ, সিলেট।	০৪
			বিএফআইডিসি,রাবার বিভাগ, টাঙ্গাইল-শেরপুর	০৪
	উপমোট =			১৮ জন
	১৫.০৩.২০২৩ (এক দিন)	উন্নতমানের রাবার সিট প্রস্তুত করণ, সিট রোলিং ও হ্যাঙ্গারিং এবং ধূমঘরে ধুমায়িতকরণ	বিএফআইডিসি, রাবার বিভাগ, চট্টগ্রাম।	১০
			বিএফআইডিসি, রাবার বিভাগ, সিলেট।	০৪
			বিএফআইডিসি, রাবার বিভাগ, টাঙ্গাইল- শেরপুর।	০৪
	উপমোট =			১৮ জন

৪.	০৬.০৫.২০২৩ (এক দিন)	ভূমি ব্যবস্থাপনা	বিএফআইডিসি, রাবার বিভাগ, চট্টগ্রাম, সিলেট এবং মধুপুর।	২১
	উপমোট =			২১ জন
৫.	০৭.০৫.২০২৩ (এক দিন)	আসবাব পত্র এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা	বিএফআইডিসি, রাবার বিভাগ, চট্টগ্রামস্থ ০৪ টি শিল্প ইউনিট।	৩১
	উপমোট=			৩১ জন
	সর্বমোট=			১২৪ জন

জি এম দপ্তর মধুপুরে আয়োজিত

ক্রমিক	প্রশিক্ষণের বিষয়বস্তু	প্রশিক্ষণার্থীর সংখ্যা		
		কর্মকর্তা	কর্মচারী/শ্রমিক	মোট
১	নার্সারি সৃজন, পুনর্বাসন বাগান সৃজন, পরিচর্যা ও উৎপাদন	৩	৩১	৩৪
	মোট = ৩	৩	৩১	৩৪

জি এম দপ্তর সিলেটে আয়োজিত

ক্র. নং	প্রশিক্ষণের বিষয়বস্তু	প্রশিক্ষণার্থীর সংখ্যা		
		কর্মকর্তা	কর্মচারী/শ্রমিক	মোট
১	নার্সারি সৃজন, পুনর্বাসন বাগান সৃজন, পরিচর্যা ও উৎপাদন এবং শুদ্ধাচার	০	২৮	২৮
২	“অফিস ব্যবস্থাপক ও ভূমি জরিপ	০	২০	২০
৩	জাতীয় শুদ্ধাচার কৌশল এবং সরকারি কর্মচারী	৬	১০	১৬
৪	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোবাবেলায় বিএফআইডিসির শিল্প ইউনিটসমূহের ব্যবস্থাপনা আধুনিকায়ন সংক্রান্ত সভা এবং তথ্য অধিকার	৬	১৬	২২
	মোট=	১২	৭৪	৮৬





পদোন্নতি

ক্রমিক নং	পদের নাম	গ্রেড	মোট সংখ্যা	মন্তব্য
০১	উপমহাব্যবস্থাপক	০৪	০২	
০২	ব্যবস্থাপক	০৫	০৬	
০৩	উপব্যবস্থাপক	০৬	০৬	
০৪	সহকারী ব্যবস্থাপক(প্রশাসন)	০৯	০৪	
০৫	প্রধান সহকারী	১১	০৫	
০৬	নিরাপত্তা পরিদর্শক, ভাণ্ডাররক্ষক, উচ্চ বিভাগীয় সহকারী (প্রশা.)	১৪	০৫	
০৭	নিরাপত্তা হাবিলদার	১৬	০১	
০৮	রেকর্ড কিপার	১৭	০১	
	সর্বমোট =		৩০	

সরকারি কোষাগারে জমাকৃত অর্থ

ক্রমিক	বিবরণ	পরিমাণ (লক্ষ টাকা)
০১	বিক্রয় ভ্যাট	১৬৯৬.৯৭
০২	বিক্রয় কর	২৬৮.২১
০৩	আয়কর বেতন	৬.১৭
০৪	আয়কর (কর্পোরেশন)	১৫৪.১৮
০৫	অন্যান্য কর	৯৩২.১১
	মোট =	৩০৫৭.৬৪

উন্নয়ন প্রকল্প/কর্মসূচি

- বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের রাবার বাগানের সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে ৩৪৩.১১ কোটি টাকা ব্যয়ে "অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন, পুনঃবাগান সৃজন ও রাবার প্রক্রিয়াকরণ আধুনিকায়ন" শীর্ষক প্রকল্প অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে;
- "বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের (বিএফআইডিসি) ০৭ টি শিল্প ইউনিট আধুনিকায়ন এবং কালিয়াকৈর, গাজীপুরে একটি নতুন শিল্প ইউনিট স্থাপন" শীর্ষক প্রকল্পের সম্ভাব্যতা যাচাইয়ের নিমিত্ত দ্বিতীয় বার EOI আহবান করা হয়েছে;
- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে ০৭ (সাত) কোটি টাকা ব্যয়ে "জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলায় বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনে আধুনিক রাবার গোডাউন নির্মাণ" শীর্ষক প্রকল্প অনুমোদনের অপেক্ষায় রয়েছে; এবং
- আগামী ২০২৩-২০২৪ অর্থবছরে ২৭.৫০ একর নার্সারি সৃজন ও ১১৫৮ একর পুনর্বাসন বাগান সৃজন ও ৩৩৬৪.৯০ একর বাগান পরিচর্যা সংক্রান্ত দ্বি-বার্ষিক কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

সম্পাদিত উন্নয়নমূলক কার্যক্রম

ক্রমিক নং	কাজের বিবরণ	দপ্তর/বাগানের নাম	জোনের নাম	কার্যাদেশের মূল্য ও তারিখ	কাজ শেষ হওয়ার তারিখ
০১.	বিএফআইডিসির সদর দপ্তর বনশিল্প ভবনের ৪র্থ তলার ফ্লোরে টাইলস স্থাপন।	বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা		৭,২৬,১২০.০০ ২৮/১২/২০২২	১৪/২/২০২৩
০২.	বিএফআইডিসির সদর দপ্তর বনশিল্প ভবনের ৯ম তলার উত্তরপাশের জানালায় এ্যালুমিনিয়াম থাইগ্লাস স্থাপন।	বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা		১,৩৯,৪৭৭.৪৫ ০৮/১২/২০২২	১৭/১২/২০২২
০৩.	হলদিয়া রাবার বাগান চট্টগ্রামের ০৩ টন ধারণ ক্ষমতা সম্পন্ন আধুনিক ধূমঘর নির্মাণ।	হলদিয়া রাবার বাগান, চট্টগ্রাম	চট্টগ্রাম জোন	৬৫,১১,৭৬৯.৮৬ ০৩/০২/২০২১	০৯/১১/২০২২
০৪.	ডাবুয়া রাবার বাগানের কারখানার জরাজীর্ণ সেড, কলাম, টিন পরিবর্তন ও সারফেজ ড্রেন মেরামত।	ডাবুয়া রাবার বাগান	চট্টগ্রাম জোন	২৪,৪৬,৬৬৬.০০ ২০/০৩/২০২২	১৪/০৮/২০২২
০৫.	রাউজান রাবার বাগানের ০৩ টন ধারণ ক্ষমতা সম্পন্ন আধুনিক ধূমঘর ও মিলিং সেড নির্মাণ।	রাউজান রাবার বাগান, চট্টগ্রাম	চট্টগ্রাম জোন	৭৭,২৮,৮৩০.৮৩ ০৫/০৬/২০২২	৩১/০১/২০২৩
০৬.	রাউজান রাবার বাগানের ৫০০ রানিং ফুট HBB রাস্তা নির্মাণ।	রাউজান রাবার বাগান, চট্টগ্রাম	চট্টগ্রাম জোন	১১,৭৮৭০১.০০ ২০-০৩-২০২২	০৮-০৮-২০২২
০৭.	১.৫ টন ধারণ ক্ষমতা সম্পন্ন আধুনিক ধূমঘর নির্মাণ।	রাউজান-রাঙ্গুনিয়া রাবার বাগান, চট্টগ্রাম	চট্টগ্রাম জোন	২৪,৯৮,৪২৮.৬৩ ০৬-০৬-২০২২	১৫-০২-২০২৩
০৮.	শাহজীবাজার রাবার বাগানে ড্রিপিং শেড কাম গ্যাস চালিত আধুনিক ধূমঘর নির্মাণ।	শাহজীবাজার রাবার বাগান	সিলেট জোন	১,৩২,২৫,৪৮২.৮৬ ১০-০৫-২০২২	১৪-১১-২০২২
০৯.	পীরগাছা রাবার বাগানের ০১টি ধূমঘরে চাকা যুক্ত ট্রলি চলাচলের রাস্তা নির্মাণ	পীরগাছা রাবার বাগান, টাঙ্গাইল	টাঙ্গাইল-শেরপুর জোন	১১,০৬,৪৫২.৬৪ ২০/০৬/২০২২	১৬/০৬/২০২২
১০.	চাঁদপুর রাবার বাগানের ধূমঘরের জন্য চাকা সম্বলিত ট্রলি তৈরি ও ট্রলি চলাচলের রাস্তা নির্মাণ।	চাঁদপুর রাবার বাগান	টাঙ্গাইল-শেরপুর জোন	৭,৭৩,৯০০.০০ ২০-০৬-২০২২	১৭/৮/২০২২
১১.	চাঁদপুর রাবার বাগান এর জন্য ০১টি ট্রাক্টর (45HP) ক্রয়।	চাঁদপুর রাবার বাগান	টাঙ্গাইল-শেরপুর জোন	১৪,৮০,০০০.০০ ১৩-১২-২০২২	২৬/০৬/২০২৩
১২.	সন্তোষপুর রাবার বাগান এর জন্য ০১টি ট্রাক্টর(45HP)ক্রয়।	সন্তোষপুর রাবার বাগান	টাঙ্গাইল-শেরপুর জোন	১৪,১৭,০০০.০০ ১১-০৪-২০২২	২৭-০৬-২০২২
১৩.	রাবার কাঠ প্রেসার ট্রিটমেন্ট প্লান্ট এর ফার্নিচার শেডের চর্তুদিকে বেড়াসহ অন্যান্য নির্মাণ।	পিটিপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার		১১,৬৯,৬৩৭.৯৬ ২৩-০১-২০২৩	২৬-০১-২০২৩
১৪.	রাবার কাঠ প্রেসার ট্রিটমেন্ট প্লান্ট এর ফার্নিচার তৈরির মেশিনারিজ সরবরাহ ও স্থাপণ।			৯০,৫০,১৫০.০০ ২২-০৬-২০২২	০৮-০৫-২০২৩
১৫.	রাবার কাঠ প্রেসার ট্রিটমেন্ট প্লান্ট এর ফার্নিচার পলিশিং শেড নির্মাণ।			৬২,৮৮,৩৪২.৩১ ২০-০৬-২০২২	০১-০৬-২০২৩
১৬.	এসএমপি চট্টগ্রামের কারখানায় নতুন মেশিনারিজ স্থাপন।	সাঙ্গু মাতামুহুরী কাঠ আহরণ ইউনিট, কালুরঘাট, চট্টগ্রাম		২৩,৯৯,২৫০.০০ ০৪-০৭-২০২২	১৫-১০-২০২২

১৭.	মেশিনারিজ ক্রয় (ওয়াটার স্প্রে-বুথ ও লেকার চেম্বার স্থাপন	ফিডকো ফার্ণিচার কমপ্লেক্স, চট্টগ্রাম		১৫,৩৫,৯০৬.০০ ২৬-০৭-২০২২	২৫-১০-২০২২
১৮.	মেশিনারিজ ক্রয় (সিএনসি রাউটার ক্রয়)			১৮,৭৫,০০০.০০ ০৫-১১-২০২২	০৪-০২-২০২৩
১৯.	মেশিনারিজ ক্রয় (মেশিনারীজ)			১০,০৫,০০০.০০ ২৪-০৫-২০২৩	২৩-০৮-২০২৩
২০.	কম্পিউটার ক্রয় ও সাবমারসিবল পাম্প স্থাপন			২,৯৪,৫৭০.০০ ২১-১০-২০২২	২০-১১-২০২২
২১.	মেশিনারিজ ক্রয়	কাষ্ঠ সংরক্ষণ ইউনিট, কালুরঘাট, চট্টগ্রাম।		কার্যাদেশ নং-৭০, তারিখ ০৪/০২/২০২৩ টাঃ-২৩,৬৯,১৭০.০৯০	০৫/০৩/২০২৩
২২.	বিএফআইডিসি, কালুরঘাট মহাপ্রকল্পের প্রধানফটক, গেইট নির্মাণ, নিরাপত্তা শাখার রুম সংস্কার এবং বর্ধিতকরণ			২০,৬২,০৮৯.৯৪ ০২/০২/২০২২	২৯/০৯/২০২২
২৩.	সিএমপি, চট্টগ্রামের লেকার্ড সেড নির্মাণ	কেবিনেট ম্যানুফ্যাকচারিং কমপ্লেক্স, চট্টগ্রাম		৮,৪৬,৯৪৪.৭০ ২৫/৫/২০২২	১৬/০৯/২০২২
২৪.	বশিউক, সিএমপি, চট্টগ্রামের সিএনসি রাউটার মেশিন ও ওয়াটার স্প্রে বুথ ক্রয়			২৩,৮৩,৯১০.০০ ২৮/০৮/২০২২	১০/১২/২০২২
২৫.	জীপগাড়ি ক্রয়			৬১,৯২,০০০.০০ ২৯/০৫/২০২২	০৬/০৬/২০২২
২৬.	এলপিসি, কাপ্তাই এর মটরবাইক ক্রয়	এলপিসি, কাপ্তাই, রাঙ্গামাটি		১,৩৯,০০০.০০ ৩১/০১/২০২২	০২-০৬-২০২২
২৭.	এলপিসি, কাপ্তাই এর ফ্যাক্টরী বিল্ডিং রেনুভেশন			৯,৫১,০০০.০০ ০৭/০৫/২০২২	০৬-০৬-২২
২৮.	এলপিসি, কাপ্তাই এর ইলেক্ট্রিক ওভেন ক্রয়			১,৭৬,০০০.০০ ১০/০৫/২০২২	০৬-০৬-২২
২৯.	এলপিসি, কাপ্তাই এর ১০টি মেশিনারিজ সরবরাহ ও স্থাপন			৪৫,৬০,০০০.০০ ৩০/০৫/২০২২	২৫/০৯/২০২২
৩০.	এলপিসি, কাপ্তাই এর রেষ্ট হাউজের রেনুভেশন			১০,৪৫,০০০.০০ ২৩/০৪/২০২২	২০/০৭/২০২২
৩১.	এলপিসি, কাপ্তাই এর নেভি রোড মসজিদ আধুনিকায়ন			২৬,৭৫,০০০.০০ ১২/১২/২০২২	চলমান
৩২.	এলপিসি, কাপ্তাই এর বিভাগীয় ট্রাক মেরামত			৬,৮৮,০০০.০০ ২৬/১২/২০২২	২৪/০১/২০২৩
৩৩.	এলপিসি, কাপ্তাই এর বাসাভাড়া, বিদ্যুৎ ও পানি বিল আদায় সফটওয়্যার স্থাপন/ক্রয়			১,৫৭,০০০.০০ ১২/০৩/২০২৩	২৫/০৪/২০২৩
৩৪.	এলপিসি, কাপ্তাই এর কেন্দ্রীয় যান্ত্রিক কারখানা জেটিঘাটে মেইন গেট ও বাউন্ডারি নির্মাণ			২৬,৫১,০০০.০০ ০৬/০৫/২০২৩	চলমান
৩৫.	এলপিসি, কাপ্তাই এর ১টি মাল্টি গ্রাইন্ডার মেশিন ক্রয়			৩,৩৩,৩৫০.০০ ২৩/০২/২০২৩	১৯/০৩/২০২৩
৩৬.	এলপিসি, কাপ্তাই এর ২টি ডাস্ট কালেক্টর মেশিন ক্রয়			১,৩৫,৬০০.০০ ২৩/০২/২০২৩	১৯/০৩/২০২৩
৩৭.	এলপিসি, কাপ্তাই এর ২টি পানির পাম্প ক্রয়			৫,২৭,০০০.০০ ৩০/০৬/২০২২	২১/০৭/২০২২

জোন ভিত্তিক ১৮টি রাবার বাগানের পরিচিতি ও অর্জন

রাবার বিভাগ, চট্টগ্রাম জোন

রামু রাবার বাগান

রামু রাবার বাগানটি কক্সবাজার জেলার রামু থানায় চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের পার্শ্বে অবস্থিত। পাহাড়ি এলাকায় এক মনোমুগ্ধকর পরিবেশে বাংলাদেশ বন বিভাগ কর্তৃক পরীক্ষামূলকভাবে ১৯৬০-৬১ খ্রি. ৩০.০০ একর বাগান সৃষ্টির মাধ্যমে এ বাগানের কার্যক্রম শুরু হয়। বর্তমানে বাগানের মোট আয়তন ২৬৮২.০০ একর। তন্মধ্যে উত্তোলিত বাগান এলাকা ২২০৮.০০ একর এবং অফিস, বাসা বাড়ি, রাস্তা ও অন্যান্য এলাকার পরিমাণ ৪৭৪.০০ একর।



রামু রাবার বাগান, কক্সবাজারে সংরক্ষিত
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ব্যবহৃত চেয়ার



১১ ফেব্রুয়ারি ১৯৭৫ খ্রি. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর
রামু রাবার বাগানে টেপিং কার্যক্রম পরিদর্শন

রাউজান রাবার বাগান

সম্প্রসারিত রাউজান রাবার বাগানটি রাউজান উপজেলা সদর থেকে ০৩ কি.মি. পূর্বে চট্টগ্রাম-রাঙামাটি পার্বত্য জেলা সড়কের পার্শ্বে রাউজান এবং কাউখালী থানায় অবস্থিত। বাংলাদেশ বন বিভাগ কর্তৃক পরীক্ষামূলকভাবে ১৯৬০-৬১ খ্রি. ১১.৫০ একর রাবার বাগান সৃষ্টির মাধ্যমে এ বাগানের কার্যক্রম শুরু হয় । বাগান এলাকাটির জায়গা চট্টগ্রাম এবং রাঙ্গামাটি পার্বত্য জেলা এ দুই জেলায় পরিব্যাপ্ত। বাগানের মোট আয়তন ১৮৬৭.৭৫ একর। তন্মধ্যে উত্তোলিত বাগান এলাকা ১৫১২.০০ একর এবং অফিস, বাসা-বাড়ী, রাস্তা ও অন্যান্য এলাকার পরিমাণ ৩৫৫.৭৫ একর।

ডাবুয়া রাবার বাগান

ডাবুয়া রাবার বাগানটি চট্টগ্রাম জেলার রাউজান উপজেলা হেডকোয়ার্টার হতে প্রায় ০৪ কি.মি. উত্তর-পূর্বে দুর্গম প্রত্যন্ত পাহাড়ি অঞ্চলে অবস্থিত। ১৯৬৮-৬৯ খ্রি. ৪৭৭.৪৭ একর রাবার বাগান সৃষ্টির মাধ্যমে এই বাগানের কার্যক্রম শুরু হয়। বর্তমানে রাবার বাগানের মোট আয়তন প্রায় ২৪১৬.৬৭ একর। তন্মধ্যে উত্তোলিত বাগান এলাকা ২১২০.১০ একর এবং অফিস বাসা-বাড়ী, রাস্তা ও অন্যান্য এলাকার পরিমাণ ২৯৬.৫৭ একর।

হলদিয়া রাবার বাগান

হলদিয়া রাবার বাগানটি চট্টগ্রাম জেলার রাউজান উপজেলা হেডকোয়ার্টার হতে প্রায় ১৩ কি.মি. উত্তরে অবস্থিত ১৯৮২-৮৩ খ্রি. ৩০৫.০০ একর রাবার বাগান সৃষ্টির মাধ্যমে এ বাগানের কার্যক্রম শুরু হয়। বর্তমানে বাগানের মোট আয়তন ২৮৫৭.৮৫ একর। তন্মধ্যে উত্তোলিত রাবার বাগান এলাকা ২২৪৬.০০ একর এবং অফিস, বাসা-বাড়ি, রাস্তাঘাট ও অন্যান্য এলাকার পরিমাণ ৬১১.৮৫ একর।

কাঞ্চননগর রাবার বাগান

কাঞ্চননগর রাবার বাগানটি চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলা হেডকোয়ার্টার হতে ৯.০০ কিলোমিটার উত্তর চট্টগ্রাম খাগড়াছড়ি সড়কের পার্শ্বে শান্ত-স্নিগ্ধ পাহাড়ি এলাকায় অবস্থিত। ১৯৮২-৮৩ খ্রি. এ বাগানের কার্যক্রম শুরু হয়। বাগানের মোট আয়তন ১৩৬৬.৯৬ একর। তন্মধ্যে উত্তোলিত রাবার বাগান এলাকার পরিমাণ ১১৩০.০০ একর এবং অফিস, বাসা-বাড়ি ও অন্যান্য এলাকার পরিমাণ ২৩৬.৯৬ একর।



রাঙ্গামাটিয়া রাবার বাগানটি চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলা সদরের ৭ কি.মি. উত্তর পূর্ব দিকে কাঞ্চনপুর, ফটিকছড়ি রাস্তার উভয়পার্শ্বে অবস্থিত। ১৯৮৬-৮৭ খ্রি. এ বাগানের কার্যক্রম শুরু হয়। বাগানের মোট আয়তন ১৩৫৬.৬২ একর। তন্মধ্যে উত্তোলিত বাগান এলাকার পরিমাণ ১২৪১.০০ একর এবং অফিস, বাসা-বাড়ি ও অন্যান্য এলাকার পরিমাণ ১১৫.৬২ একর।

দাঁতমারা রাবার বাগান

দাঁতমারা রাবার বাগানটি চট্টগ্রাম-খাগড়াছড়ি পার্বত্য জেলা সড়কের পার্শ্বে ফটিকছড়ি থানায় রামগড় সীতাকুণ্ড রিজার্ভ ফরেস্ট এলাকায় এবং দাঁতমারা মৌজায় অবস্থিত। বাংলাদেশ বন বিভাগ কর্তৃক পরীক্ষামূলকভাবে ১৯৬৯-৭০ খ্রি. ১২.০০ একর বাগান সৃষ্টির মাধ্যমে এ বাগানের কার্যক্রম শুরু হয়। বর্তমানে বাগানের মোট আয়তন ৪৬৯১.৯০ একর। তন্মধ্যে উত্তোলিত বাগান এলাকার পরিমাণ ৩৯৬৫.০০ একর এবং অফিস, বাসা-বাড়ী ও অন্যান্য এলাকার পরিমাণ ৭২৬.৯০ একর। চট্টগ্রাম জোনের আওতায় এটি সর্ববৃহৎ বাগান এবং এর বার্ষিক উৎপাদন ক্ষমতাও এই জোনের মোট উৎপাদন ক্ষমতার প্রায় এক তৃতীয়াংশ।

তারাখোঁ রাবার বাগান

তারাখো রাবার বাগানটি চট্টগ্রাম-খাগড়াছড়ি পার্বত্য জেলা সড়কের পার্শ্বে ফটিকছড়ি থানায় রামগড় সীতাকুণ্ড রিজার্ভ ফরেস্ট এলাকায় অবস্থিত। ১৯৮২-৮৩ খ্রি. ১১৮.০০ একর বাগান সৃষ্টির মাধ্যমে উক্ত বাগনের কার্যক্রম শুরু হয়। বর্তমানে বাগানের মোট আয়তন ৩১৬৭.০০ একর। তন্মধ্যে উত্তোলিত বাগান এলাকা ২৪৩৬.০০ একর এবং অফিস, বাসা-বাড়ি ও অন্যান্য এলাকার পরিমাণ ৭৩১.০০ একর। এই বাগানটিও অন্যতম বড় বাগান । এর উৎপাদন ক্ষমতা এই জোনের মোট উৎপাদন ক্ষমতার প্রায় এক চতুর্থাংশ।

রাউজান-রাঙ্গুনিয়া রাবার বাগান

চট্টগ্রাম শহর থেকে ২৮ কি.মি. দূরে রাঙ্গুনিয়া উপজেলার চট্টগ্রাম-কাপ্তাই সড়কের পোমরা ইউনিয়নে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন রাউজান-রাঙ্গুনিয়া রাবার বাগান অবস্থিত। ১০৫৫.৫১ একর নিয়ে রাঙ্গুনিয়া ও রাউজান উপজেলার মোট ০৫টি মৌজায় এ বাগানের বিস্তৃতি। এর মধ্যে রাঙ্গুনিয়া উপজেলায় ৫২১.৮২ একর এবং রাউজান উপজেলায় ৫৩৩.৬৯ একর। ২০১২-১৩ খ্রি. ১২৩.০০ একর বাগান সৃষ্টির মাধ্যমে বাগানের কার্যক্রম শুরু হয়। ২০১২-১৩ খ্রি. হতে ২০২১-২২ খ্রি. পর্যন্ত ৭৩৩.০ একর রাবার বাগান উত্তোলন করা হয়েছে এবং অফিস, বাসা-বাড়ী ও অন্যান্য এলাকার পরিমাণ ৩২৪.৫৯ একর। ২০১৯-২০ অর্থবছর হতে পর্যায়ক্রমে এ বাগান উৎপাদনের আওতায় এসেছে।

বিএফআইডিসি ট্রেনিং সেন্টার (বি.টি.সি.)

বিএফআইডিসি, দাঁতমারা রাবার বাগান হতে ১০.০০ একর জায়গা নিয়ে ১৯৮০ খ্রি. কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিইউ) সৃষ্টি হয়। উক্ত প্রশিক্ষণ কেন্দ্রে বিএফআইডিসি, মাঠ, প্রশাসন শাখার লোকজনসহ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের বিভিন্ন স্তরের কর্মকর্তা/কর্মচারী/শ্রমিকদের হাতে কলমে চাষ ও প্রক্রিয়াজাতকরণ সম্পর্কে প্রশিক্ষণ দেওয়ার জন্য স্থাপন করা হয়। উক্ত প্রশিক্ষণ কেন্দ্রের বর্তমান নাম বিএফআইডিসি ট্রেনিং সেন্টার (বি.টি.সি.)।

জোন/বাগানে কর্মরত জনবলের তথ্য:

ক্রমিক	জোন/বাগানের নাম	শ্রেণী	অনুমোদিত পদ সংখ্যা	কর্মরত
১।	রাবার বিভাগ, চট্টগ্রাম জোন দপ্তর	কর্মকর্তা	১০	০৫
		কর্মচারী	৩৯	১৭
		শ্রমিক	০৪	-
		উপমোট =	৫৩	২১
২।	দাঁতমারা রাবার বাগান	কর্মকর্তা	১১	০১
		কর্মচারী	৬৯	১২
		শ্রমিক	৫৩	১৪
		উপমোট =	১৩৩	২৭
৩।	তারাখোঁ রাবার বাগান	কর্মকর্তা	০৯	০১
		কর্মচারী	৪২	০৬
		শ্রমিক	৪২	০৯
		উপমোট =	৯৩	১৬
৪।	কাঞ্চননগর রাবার বাগান	কর্মকর্তা	০৬	০১
		কর্মচারী	৩৩	০৮
		শ্রমিক	২৩	০৫
		উপমোট =	৬২	১৪
৫।	রাঙ্গামাটিয়া রাবার বাগান	কর্মকর্তা	০৬	০২
		কর্মচারী	৩২	০৬
		শ্রমিক	২০	০৫
		উপমোট =	৫৮	১৩
৬।	হলদিয়া রাবার বাগান	কর্মকর্তা	০৭	০২
		কর্মচারী	৩৬	০৩
		শ্রমিক	২৫	০৭
		উপমোট =	৬৮	১২
